

ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পানাহারের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

১২। খাবার জিনিস গরম থাকলে খেতে শুরু না করে খাবার মত ঠাণ্ডা হলে খেতে শুরু করুন

কারণ বেশী গরম খাবার খেলে জিভ বা মুখে কষ্ট পেতে পারেন, খাবারের আসল স্বাদ জিভে অনুভব করতে পারবেন না, বেশী গরম গিলে ফেললে আপনার পেটেরও কোন ক্ষতি হতে পারে। আর তখন আপনি ঐ খাবারের কোন বরকত পাবেন না।

এ জন্যই মহানবী (ﷺ) বলেন, “(খাবারের বেশী গরমভাব দূর করে খেলে) তা বরকতে বেশী বড় হয়।”[1]

আবু হুরাইরা (রাঃ) বলেন, ‘ভাপ না চলে যাওয়া পর্যন্ত কোন খাবার খাওয়া উচিত নয়।’[2]

ফুটনোট

[1]. মুসনাদে আহমাদ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/ ২৬৪১৮, দারেমী আল-মাকতাবাতুশ-শামেলা. হা/ ২০৪৭, সিলসিলাহ সহীহাহ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/৩৯২

[2]. বাইহাকী, ইরওয়াউল গালীল ১৯৭৮

Source — <https://www.hadithbd.com/books/link/?id=6967>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন